



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন প্রশাসন শাখা

নং-১৭.০০.৮৬১৪.০৩৫.৪৬.১৩৬.১২-১৩


তারিখ: ০৯ মাঘ ১৪২৫
২২ জানুয়ারি ২০১৯

বিষয়ঃ ইউনিয়ন পরিষদ নির্বাচনে নির্বাচিত প্রার্থীদের নাম-ঠিকানা সম্বলিত গেজেট বিজ্ঞপ্তি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে ১৫ জানুয়ারি ২০১৯ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত এবং ২২ জানুয়ারি ২০১৯ তারিখে প্রাপ্ত শরিয়তপুর জেলার ভেদরগঞ্জ উপজেলার উত্তর তারাবুনিয়া ইউনিয়ন পরিষদের নির্বাচনে ০১নং সাধারণ আসনের সদস্য পদে বিজ্ঞ নির্বাচনি ট্রাইব্যুনালের রায় অনুযায়ী নির্বাচিত প্রার্থীর নাম-ঠিকানা সম্বলিত সংশোধিত গেজেট বিজ্ঞপ্তির ১৫ (পনের) কপি প্রয়োজনীয় কার্য ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতদসঙ্গে প্রেরণ করা হল।

০২। এমতাবস্থায়, এছাড়া মাননীয় আদালতের কোন স্থগিতাদেশ অথবা আইনগত কোন জটিলতা না থাকলে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া গেজেট বিজ্ঞপ্তির প্রাপ্তি স্বীকারপত্র প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক


(মোহাম্মদ আশফাকুর রহমান)
সহকারী সচিব
ফোনঃ ৫৫০০৭৫৬৫
মোবাইলঃ+৮৮-০১৫৫০০৪২০৫৩
mizanr63@yahoo.com

জেলা প্রশাসক
শরিয়তপুর

নং-১৭.০০.৮৬১৪.০৩৫.৪৬.১৩৬.১২-১৩

তারিখ: ০৯ মাঘ ১৪২৫
২২ জানুয়ারি ২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা (০২ কপি)
- ২। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (০১ কপি) (নির্বাচন কমিশনের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ফরিদপুর (০২ কপি)
- ৪। জেলা নির্বাচন অফিসার, শরিয়তপুর (০৩ কপি) [ইন্ট্রানেট হতে গেজেটের কপি জেলা প্রশাসক মহোদয় কে সরবরাহের অনুরোধ সহ]
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, ভেদরগঞ্জ, শরিয়তপুর (০৩ কপি)
- ৬। সহকারী সচিব (নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২) (০২ কপি)
- ৭। উপজেলা নির্বাচন অফিসার, ভেদরগঞ্জ, শরিয়তপুর (০৩ কপি)
- ৮। নির্বাচন কমিশন সচিবালয় গ্রন্থাগার (০২ কপি), (গ্রন্থাগারে সংরক্ষণের জন্য)

(মোহাম্মদ আশফাকুর রহমান)
সহকারী সচিব

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ১৫, ২০১৯

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন প্রশাসন শাখা
সংশোধনী বিজ্ঞপ্তি

তারিখ: ৩০ পৌষ ১৪২৫/১৩ জানুয়ারি ২০১৯

নং ১৭.০০.৮৬১৪.০৩৫.৪৬.১৩৬.১২-০৭।—বিজ্ঞ নির্বাচনি ট্রাইবুনাল ও সিনিয়র সহকারী জজ আদালত, সদর (চিকন্দী), শরিয়তপুর কর্তৃক নির্বাচনি মোকদ্দমা নং-০৫/২০১৬ এর বিগত ২৩ জুলাই ২০১৮ তারিখের রায় ও আদেশ অনুযায়ী শরিয়তপুর জেলার ভেদরগঞ্জ উপজেলার উত্তর তারাবুনিয়া ইউনিয়ন পরিষদের ১নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদে দরখাস্তকারী হোসেন আলী হাওলাদারকে বিজয়ী ঘোষণা করায় উক্ত রায় ও আদেশ অনুযায়ী প্রার্থীর দাখিলকৃত মনোনয়নপত্র অনুসারে নির্বাচন কমিশন এতদ্বারা বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ২১ জুন ২০১৬ তারিখে প্রকাশিত ১০৬৫৯নং পৃষ্ঠার ১নং কলামে বর্ণিত 'উত্তর তারাবুনিয়া' এর বিপরীতে ২নং কলামে বর্ণিত 'মজিবল হক বেপারী, পিতা-সলেমান বেপারী, গ্রাম-ছুরির চর বেপারী কান্দি' এর পরিবর্তে 'হোসেন আলী হাওলাদার, পিতা: আব্দুল হাই হাওলাদার, গ্রাম: ছুরির চর হাওলাদার কান্দি' শব্দ ও চিহ্নসমূহ প্রতিস্থাপন করিলেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

ফরহাদ আহাম্মদ খান

যুগ্ম সচিব (নির্বাচন ব্যবস্থানা অনুবিভাগ-২।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৬১)

মূল্য : টাকা ৪.০০